

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ এর কার্যালয়,
সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।
টেলিফোনঃ ০৪৩১-৭১৭১৬

স্মারক নং- ৩৫.০১.০৬৫১.৭১১.৩১.০২১.২০- ১৫১০

তারিখ: ০৭.০৯.২০২২ খ্রিঃ।

বিষয়ঃ- বরিশাল সড়ক বিভাগাধীন ঢাকা(যাত্রাবাড়ী)-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী (এন-৮) জাতীয় মহাসড়কের ১৬৬ তম কি. মি.
(রূপাতলী সুরভী চত্তর) এ নির্মিত পুলিশ বক্স নিরাপদ স্থানে স্থানান্তর প্রসঙ্গে।

যথাযথ সম্মান সহকারে উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল সড়ক বিভাগাধীন ঢাকা(যাত্রাবাড়ী)- মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী (এন-৮) জাতীয় মহাসড়কের ১৬৬ তম কি. মি. (সুরভী চত্তর) এ ১ (এক) টি পুলিশ বক্স রয়েছে। ঢাকা (যাত্রাবাড়ী)-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী (এন-৮) সড়কটি একটি গুরুত্বপূর্ণ জাতীয় মহাসড়ক। এ মহাসড়কটি রাজধানী ঢাকার সাথে বিভাগীয় শহর বরিশালের যোগাযোগের একমাত্র মাধ্যম। এ ছাড়া বাংলাদেশের সকল অঞ্চল হতে সরাসরি কুমিল্লা পর্যটন কেন্দ্রে যাওয়ার একমাত্র সড়ক হওয়ায় সড়কটির ট্রাফিক ডলিউম অত্যন্ত বেশী। ইতিমধ্যে দেশের সর্ববৃহৎ পদ্মা সেতু ও পায়রা সেতু যান চলাচলের জন্য উন্মুক্ত হওয়ায় রাজধানী শহর ঢাকা থেকে দেশের দক্ষিণ ও দক্ষিণ পশ্চিমাঞ্চলগামী যানবাহনের সংখ্যা পূর্বের তুলনায় উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি পেয়েছে। এছাড়া খুব শীঘ্রই ৮ম বাংলাদেশ চীন মৈত্রী (বেকুটিয়া) সেতু চালু হওয়ার ফলে যানবাহনের সংখ্যা আরও বৃদ্ধি পাবে। বর্ধিত যানবাহন চলাচলের জন্য বিদ্যমান সড়কের প্রশস্ততা অপ্রতুল বিধায় সড়কের উভয় পার্শ্ব প্রশস্ত করা একান্ত প্রয়োজন। সড়ক প্রশস্তকরণের বিষয়টি বিভাগীয় ও জেলা পর্যায়ে উন্নয়ন সমন্বয় সভায় আলোচিত হয়েছে এবং সকল সদস্য সড়ক প্রশস্তকরণের উপর জোর তাগিদ প্রদান করেছেন। এছাড়া রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজসহ বরিশালের সকল শ্রেণী ও পেশার মানুষ যানজট নিরসনে ও যানবাহনের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় সড়ক প্রশস্তকরণের অনুরোধ করেছেন। এ বিষয়ে বরিশাল সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডি.ও পত্র প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)। উক্ত সড়কংশে সড়ক প্রশস্ত করণ কাজসহ উন্নয়ন কাজ প্রক্রিয়াধীন। ফলে উক্ত সড়কংশে নির্মিত পুলিশ বক্সটি নিরাপদ স্থানে স্থানান্তর করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, জনস্বার্থে ও সড়ক প্রশস্ত করণ কাজসহ উন্নয়ন কাজ বাস্তবায়ন করে যানজট মুক্ত বরিশাল নগরী গড়ে তুলতে উক্ত সড়কংশে নির্মিত পুলিশ বক্সটি নিরাপদ দূরত্বে স্থানান্তর করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

(লিটন আহমেদ খান)

পরিচিতি নং-৬০২৩৯৪

উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ), সওজ
বরিশাল সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।

নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, বরিশাল।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, বরিশাল।
- ২। জেলা প্রশাসক, বরিশাল।
- ৩। পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।
- ৪। উপ-পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।
- ৫। পুলিশ সুপার, বরিশাল।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল।
- ৭। অফিসার ইনচার্জ, কোতয়ালী মডেল থানা, বরিশাল।

অনুলিপি:

- ১। উপ-সহকারী প্রকৌশলী, সওজ, সড়ক শাখা-১, সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।
- ২। অফিস কপি।

S.D.2.Bsl/1055.